



# প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

## برائيم اسلامي لايف انشورنس لميتيد

### Prime Islami Life Insurance Limited



তারিখ : ০৯/০৬/২০১৯

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)  
সকল বিভাগীয় ও জোন প্রধান (উন্নয়ন)  
সকল প্রকল্প পরিচালক  
সকল ইনচার্জ, পূর্ণাঙ্গ সার্ভিসিং সেন্টার/কম্বাইন্ড সার্ভিসিং সেন্টার  
সকল ইনচার্জ, সাংগঠনিক অফিস  
সকল ক্যাশিয়ার/হিসাব কর্মকর্তা/আইটি কর্মকর্তা

### অফিস প্রজ্ঞাপন নং ৬৩-২০১৯

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে প্রধান কার্যালয়সহ কোম্পানীর অনলাইন সেবার আওতাধীন সকল অফিস, সার্ভিসিং সেন্টার ও এফ.পি.আর সেন্টারসমূহ হতে ক্যাশিয়ার/আই.টি কর্মকর্তার মাধ্যমে বীমা অংক সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত এবং বীমাগ্রাহকের বয়স সর্বোচ্চ ৫০ বৎসর পর্যন্ত হলে প্রিমিয়াম প্রদেয় তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত কোন ধরণের চাহিদাদি ব্যতীত ক্যাশ ও.আর ইস্যুর কার্যক্রম চলমান আছে। দ্রুত গ্রাহক সেবা নিশ্চিত করা, কোম্পানীর নবায়ন প্রিমিয়াম আয় বৃদ্ধি এবং দাপ্তরিক কাজের সুবিধার্থে এখন থেকে প্রধান কার্যালয়সহ কোম্পানীর অনলাইন সেবার আওতাধীন সকল অফিস, সার্ভিসিং সেন্টার এবং এফ.পি.আর সেন্টারসমূহ হতে ক্যাশিয়ার/আই.টি কর্মকর্তার মাধ্যমে বীমা অংক/বীমা ঝুঁকি অংক সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত এবং বীমা গ্রাহকের বয়স সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বৎসর পর্যন্ত হলে প্রিমিয়াম প্রদেয় তারিখ হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত কোন ধরণের চাহিদাদি ব্যতীত ও.আর/ ক্যাশ ও.আর ইস্যুর ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সে মোতাবেক উল্লেখিত প্রক্রিয়ায় প্রধান কার্যালয়সহ কোম্পানীর অনলাইন সেবার আওতাধীন সকল অফিস, সার্ভিসিং সেন্টার ও এফ.পি.আর সেন্টারসমূহ হতে ক্যাশিয়ার/আই.টি কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট অফিসের ক্যাশিয়ার কর্তৃক নগদ টাকা গ্রহণ করে ক্যাশ ও.আর ইস্যু করতে পারবে। এছাড়া প্রিমিয়াম প্রদেয় তারিখ থেকে অনুগ্রহকালের মধ্যে (একক পলিসির ক্ষেত্রে ৩০ দিন ও মাসিক পলিসির ক্ষেত্রে ১৫ দিন) যে কোন বীমা অংকের পলিসির প্রিমিয়াম গ্রহণ করে ক্যাশ ও.আর ইস্যু করা যাবে। উল্লেখ্য যে, ইস্যুকৃত ক্যাশ ও.আর এর অবলিখন কপি যথাযথ ফরোয়ার্ডিং/রেজিস্টারে এন্ট্রি এর মাধ্যমে সংশ্লিষ্ট সার্ভিসিং সেন্টারে/ প্রধান কার্যালয়ের পলিসি সার্ভিসিং ও দাবী বিভাগে প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী বিধায় এই নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, কর্তৃপক্ষ যে কোন সময়ে এই প্রজ্ঞাপন পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ও বাতিল করতে পারবেন।

কাজী আবুল মনজুর  
এসইভিপি ও ইনচার্জ  
প্রশাসন বিভাগ

### আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০  
ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com